



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নং- ৩৭.১৬.০০০০.০০৯.২৩.০০১.১৮-৬৭৯

তারিখঃ ০৭.১০.২০১৮খ্রিঃ

বিষয়ঃ শিশু শ্রেণি হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'বিজয় ফুল' তৈরি, গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাত্মবোধক ও জাতীয় সংগীত প্রতিযোগিতা প্রসঙ্গে।

সূত্রঃ নম্বর: ০৪.০০.০০০০.৫১২.৩৫.১২৪.১৮.৩৯৬; তারিখঃ ২৭ সেপ্টেম্বর ২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ১৬ ডিসেম্বর ২০১৮ মহান বিজয় দিবস উপলক্ষে নতুন প্রজন্মের কাছে মহান মুক্তিযুদ্ধের চেতনা উপলব্ধি এবং সংগ্রামী ইতিহাস জানাবার উদ্দেশ্যে গত ২৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয়ের সভায় শিশু শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল, কলেজ ও মাদ্রাসা) 'বিজয় ফুল' তৈরি প্রতিযোগিতা ও 'বিজয় ফুল উৎসব' আয়োজনের সাথে অন্যান্য প্রতিযোগিতা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। স্কুল, কলেজ ও মাদ্রাসা পর্যায়ে দেশের স্বীকৃতিপ্রাপ্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে আন্তঃশ্রেণি প্রতিযোগিতার মাধ্যমে শুরু হয়ে উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। বিভাগীয় পর্যায়ে বাছাইকৃত প্রতিযোগীদের মধ্য থেকে চূড়ান্ত প্রতিযোগিতার মাধ্যমে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ প্রতিযোগী নির্বাচন করা হবে। দলগত প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব বিভাগীয় পর্যায়ে এবং একক প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব জাতীয় পর্যায়ে সম্পন্ন হবে।

ক) প্রতিযোগিতা আগামী ১৭ অক্টোবর শিক্ষা প্রতিষ্ঠানে, ২০ অক্টোবর উপজেলা, ২৩ অক্টোবর জেলা এবং ২৭ অক্টোবর ২০১৮ ইং বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিত হবে। জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা ১৩ ডিসেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত হবে।

খ) প্রতিযোগিতা তিনটি স্তরে অনুষ্ঠিত হবে। গুপ-ক: শিশু থেকে পঞ্চম শ্রেণি, গুপ-খ: ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি এবং গুপ-গ: নবম থেকে দ্বাদশ শ্রেণি। প্রতিযোগিতায় ছেলে ও মেয়ে উভয়ের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

প্রতিযোগিতার বিষয় (মুক্তিযুদ্ধ ভিত্তিক)	
একক	দলগত
১. বিজয় ফুল তৈরি, ২. গল্প রচনা, ৩. কবিতা রচনা, ৪. কবিতা আবৃত্তি, ৫. চিত্রাঙ্কন, ৬. একক অভিনয়, ৭. চলচ্চিত্র নির্মাণ	১. দেশাত্মবোধক সংগীত, ২. জাতীয় সংগীত

'বিজয় ফুল' প্রতিযোগিতার একটি স্লটে (১ ঘন্টা) ছাত্র-ছাত্রীরা শ্রেণিভিত্তিক ব্যক্তিগতভাবে এক বা একাধিক শাপলা ফুল তৈরি করবে। ফুলের উল্টো পিঠে নাম, শ্রেণি, রোল নম্বর ও বিদ্যালয়ের নাম লিখতে হবে। শ্রেণিভিত্তিক প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী পুরস্কৃত হবেন। শ্রেণিভিত্তিক প্রতিযোগিতায় ১ম স্থান অধিকারী ফুল নিয়ে গুপভিত্তিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। গুপভিত্তিক প্রতিযোগিতায়ও ১ম, ২য় এবং ৩য় স্থান অধিকারী ফুল নির্মাণকে পুরস্কার প্রদান করা হবে।

শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ের প্রতিযোগিতার ন্যায় উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতায় ১ম, ২য় এবং ৩য় স্থান অধিকারী ফুল প্রস্তুতকারী পুরস্কৃত হবেন। শ্রেণিভিত্তিক প্রতিযোগিতায় প্রস্তুতকৃত শাপলা ফুলসমূহ ৩১ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত প্রতিটি শ্রেণিকক্ষের সামনে সাজিয়ে রাখতে হবে।

প্রতিযোগিতা সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে সংশ্লিষ্ট অনুরণীয় বিষয়বলী উল্লেখ করে মন্ত্রিপরিষদ বিভাগ হতে সূত্রে উল্লিখিত স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর আওতাধীন দেশের সকল দাখিল ও আলিম মাদ্রাসার সুপার/অধ্যক্ষ এবং পরিচালনা কমিটিসহ (গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটি) সংশ্লিষ্ট সকলকে স্ব-স্ব উপজেলা নির্বাহী অফিসারের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে প্রতিযোগিতার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীত জরুরী।

সংযুক্তিঃ ০৫ (পাঁচ) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি ও সদস্যবৃন্দ- গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটি;  
২) অধ্যক্ষ/সুপার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর আওতাধীন দেশের সকল মাদ্রাসা।

স্মারক নং- ৩৭.১৬.০০০০.০০৯.২৩.০০১.১৮-৬৭৯

তারিখঃ ০৭.১০.২০১৮খ্রিঃ

## কপি বিতরণ- জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- মাননীয় মন্ত্রির একান্ত সচিব (যুগ্ম সচিব), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- জেলা প্রশাসক, সকল।
- পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- উপজেলা নির্বাহী অফিসার, সকল।
- উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রাজশাহী/ রংপুর/ খুলনা/ বরিশাল/ চট্টগ্রাম/ কুমিল্লা/ সিলেট/ ময়মনসিংহ।
- প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (জৈকে সংলগ্নীসহ পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ ও বহল প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- সহকারী পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড আঞ্চলিক কার্যালয়, রাজশাহী/ রংপুর/ খুলনা/ বরিশাল/ চট্টগ্রাম/ কুমিল্লা/ সিলেট/ ময়মনসিংহ। (জৈকে প্রতিযোগিতা অনুষ্ঠানে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- পি এ টু রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৯৮৭৪